গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮. ১৭৯ তারিখ: ০৬/০১/২০১৯

বিষয়: নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।

আগামী ০৭ জানুয়ারি ২০১৯ তারিখ সোমবার বেলা ৩টা ৩০মিনিটে বঙ্গভবনে নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত শপথ গ্রহণ অনুষ্ঠান বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে। বাংলাদেশ বেতারের অন্যান্য আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফ.এম ফ্রিকোয়েন্সিতে স্যাটেলাইটের মাধ্যমে অনুষ্ঠানটি ঢাকা থেকে একযোগে রীলে হবে।

২। শপথ গ্রহণ অনুষ্ঠানের তারিখ ও সময় পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন মন্ত্রিপরিষদ বিভাগ ও রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন-এর সাথে যোগাযোগপূর্বক সকল কেন্দ্র/ইউনিট থেকে একযোগে যথাসময়ে শপথ গ্রহণ অনুষ্ঠান সম্প্রচার নিশ্চিত করবেন।

৩। উক্ত অনুষ্ঠান প্রচারকালীন ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান, সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়া বার্তা ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ ১১৭০ কিলোহার্জে ও এফ.এম ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে। এছাড়া অনুষ্ঠানটি প্রচারকালে ট্রাফিক সম্প্রচার কার্যক্রমের পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। শপথ গ্রহণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের লক্ষ্যে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে শপথ অনুষ্ঠানের কার্যক্রম শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে শপথ অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৫। শপথ গ্রহণ অনুষ্ঠান প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুত/যান্ত্রিক বিঘ্নের কারণে ৬৯৩ কিলোহার্জে সম্প্রচার বিঘ্ন ঘটলে শপথ গ্রহণ অনুষ্ঠান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে তাৎক্ষণিকভাবে প্রচার শুরু হবে। এ সময় ঢাকা কেন্দ্রের অন্যান্য অনুষ্ঠান প্রচার ব্যবস্থাপনার বিষয়ে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এর সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৬। শপথ গ্রহণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বঙ্গভবনের নির্ধারিত শপথ কক্ষ থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন এবং শপথ গ্রহণ অনুষ্ঠান স্যাটেলাইটের মাধ্যমে আঞ্চলিক কেন্দ্রসমূহ পর্যন্ত প্রেরণের ব্যবস্থা করবেন। টেলিফোন সংযোগের ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-এর খাত থেকে পরিশোধ হবে।

৭। নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন বঙ্গভবন এর নির্ধারিত শপথ কক্ষে প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৮। নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠানের কার্যক্রম সরাসরি সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা/ডিউটি পাশ সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং শপথ গ্রহণ অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া তিনি সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়ের মাধ্যমে শপথ গ্রহণ অনুষ্ঠান সকল কেন্দ্র থেকে সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৯। নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠান যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকল পরিচালক/আঞ্চলিক পরিচালক/প্রকৌশলী সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাহ্নে সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ করবেন এবং তাঁরা/তাঁদের প্রতিনিধিগণ স্ব স্ব ক্ষেত্রে সম্প্রচার বুথে উপস্থিত থেকে শপথ গ্রহণ অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।

১০। শপথ অনুষ্ঠান প্রচারকালীন ফিলার প্রচারে সংশ্লিষ্ট সকল কেন্দ্র/ইউনিটের সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।

১১। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা শপথ গ্রহণ অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১২। শপথ গ্রহণ অনুষ্ঠানের কার্যক্রম শুরুর কমপক্ষে ২ঘন্টা পূর্বে বঙ্গভবন এর নির্ধারিত শপথ কক্ষে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদান করা হলো।

১৩। পরিচালক, লিয়াজোঁ, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠান বাংলাদেশ বেতারের সৌজন্যে রীলে করার জন্য সকল কমিউনিটি রেডিও প্রধানদের অনুরোধ করা হলো।

০৬/০১/১৯
কামাল আহমেদ
পরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৪৮১৩০৭৪
dp.program.betar@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১। প্রধান প্রকৌশলী/উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।

৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, ঢাকা (**দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২/৩/৪/৫, সাভার, ঢাকা/নওয়াপাড়া, যশোর/কালুরঘাট, চট্টগ্রাম/কাহালু, বগুড়া।

৪। পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, আগারগাঁও, ঢাকা/লিয়াজোঁ, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

৫। আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক/স্টেশন প্রকৌশলী/আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ/ট্রান্সক্রিপশন সার্ভিস, ঢাকা/নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।

৬। উপ-আঞ্চলিক প্রকৌশলী/উপ-বার্তা নিয়ন্ত্রক, কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার বরিশাল/ ঠাকুরগাঁও/কক্সবাজার/রাঙামাটি/বান্দরবান।